দৈনিক ইত্তেফাক
তারিখ: 10 SEP 2008
পৃষ্ঠা - ১৬ কলাম - ৪

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি ভোগান্তি হ্রাসের তাগিদ

॥ নিজামুল হক ॥

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর জন্য অভিন্ন নীতিমালা না থাকায়, একেক বিশ্ববিদ্যাল[illegible] পরীক্ষা একেক নিয়মে অনুষ্ঠিত হচ্ছে। ফলে শিক্ষার্থীদের চরম ভোগান্তিতে পড়তে হয়। পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় রয়েছে নানা অনিয়ম ও ত্রুটি। শিক্ষা মন্ত্রণালয় [illegible] বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার নানা অনিয়ম ও ত্রুটি দূর করার (১৩শ পৃঃ ১-এর ক[illegible]

## পাবলিক বিশ্ববিদ্যালয়ে

(১৬শ পৃঃ পর)

উদ্যোগ নিয়েছে। শিক্ষার্থীদের ভোগান্তি কমাতে অনুষদভিত্তিক পরীক্ষা পদ্ধতি চালু এবং কারিগরি বিশ্ববিদ্যালয়গুলোকে গ্রুপ ভিত্তিক সমন্বিত পরীক্ষা নেয়ার জন্য ভিসিদের পরামর্শ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে খোঁজ নিয়ে দেখা গেছে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিবছর নতুন করে ভর্তি নীতিমালা করে থাকে। কোন কোন বিশ্ববিদ্যালয়ে ফরম বিক্রি করে থাকে চড়া মূল্যে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফরমের মূল্য ২৫০ টাকা হলেও খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ অনার্স জীব বিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষার ফরমের মূল্য ৬শ টাকা। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ফরমের মূল্য ৫শ টাকা।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৪৮ টি বিষয়ের প্রতিটির জন্য পৃথক পৃথক ভর্তি পরীক্ষা দিতে হয়। বিজ্ঞান বিভাগের জন্য কোন অনুষদ না থাকায় বিজ্ঞান সম্পর্কিত ২৮টি বিষয়ের জন্যও পৃথক পরীক্ষা দিতে হয় । শিক্ষার্থীরা যে বিষয়ে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক তাকে সে বিষয়ের ১০০ টাকা মূল্যের ফরম কিনে পরীক্ষা দিতে হয়। এভাবে পরীক্ষার ফরম কেনা এবং ভর্তি পরীক্ষায় অংশ নিতে কয়েক হাজার টাকা খরচ করতে হয়। পরীক্ষা শুরু হয়ে শেষ হতে দীর্ঘ এক মাসেরও বেশি সময় লাগে। এ সময় বিশ্ববিদ্যালয়ের অন্যান্য বর্ষের ক্লাস ও পরীক্ষা বন্ধ রাখা হয়। পরীক্ষার্থীদের পছন্দ অনুযায়ী বিষয়গুলোতে ভর্তি পরীক্ষা দিতে এক মাস সময় লাগে। ফলে পরীক্ষার্থীদের নানা ভোগান্তির শিকার হতে হয়।

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০টি বিভাগের পরীক্ষা ৭টি ইউনিটের মাধ্যমে নেয়া হয়। এ ক্ষেত্রে কোন কোন ইউনিটের অধীনে ২টি বিষয়ও রয়েছে। শুধু আইন বিষয়ে ভর্তি পরীক্ষার জন্য একজন শিক্ষার্থীকে ৩শ টাকা দিয়ে ফরম কিনতে হয়। আরবী ভাষা ও সাহিত্য বিষয়ে ভর্তি পরীক্ষার জন্য শিক্ষার্থীকে আবারো ৩শ টাকা দিয়ে ফরম কিনতে হয়। শিক্ষার্থীদের অভিযোগ, অতিরিক্ত অর্থ আয়ের জন্যই এ প্রক্রিয়ায় ভর্তি পরীক্ষা নেয়া হচ্ছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ৪টি ইউনিটের অধীনে ২৬টি বিষয় রয়েছে। এ বিশ্ববিদ্যালয়ে